যুগান্তর

তারিখ ... 30 AUG 2016 ...
পৃষ্ঠা 2 ... কলাম ... 8

# জবি শিক্ষার্থীদের এক হাজার আসনের হল করে দেবে থার্মেক্স গ্রুপ

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) আবাসন সংকট নিরসনের জন্য এক হাজার আসন বিশিষ্ট একটি হল নির্মাণ করে দেবে থার্মেক্স গ্রুপ। সোমবার রাত ১০টার দিকে জবি ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল থার্মেক্স গ্রুপের চেয়ারম্যান আ. কাদির মোল্লার সঙ্গে তার কাকরাইলস্থ কার্যালয়ে এক আলোচনা সভায় মিলিত হন। এ সময় আ. কাদের মোল্লা তার পূর্বঘোষিত প্রতিশ্রুতি অনুসারে কেরানীগঞ্জে জবির প্রস্তাবিত দ্বিতীয় ক্যাম্পাসে এক হাজার ছাত্রের জন্য একটি অত্যাধুনিক হল নির্মাণ করে দেবেন বলে জানান। ঈদুল আজহার ছুটি শেষে এ উপলক্ষে দুটি প্রতিষ্ঠানের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হবে। হলটির নির্মাণ কাজ আগামী বছরের জানুয়ারি মাস নাগাদ শুরু করা হবে এবং নির্মাণের সার্বিক তত্ত্বাবধানে থাকবে থার্মেক্স গ্রুপ। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মো. সেলিম ভূঁইয়া উপস্থিত ছিলেন।